গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট

স্মারক নং ৩২.০১.৯১০০.০০০.০৩.০০১.১৯.- ০৮ তারিখ: ০৪/০১/২০২১ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "কিশোর কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম/সাকুল্য বেতন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ০১। | আবৃতি শিক্ষক<br>দৈনিক ভিত্তিক ৫০০/-<br>(সপ্তাহে একদিন) | ০৫ জন | এস.এস.সি পাশ এবং আবৃতি বিষয়ে ডিপ্লোমা /শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী / আবৃতি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

## শর্তাবলী

১। প্রার্থীকে আগামী ১৪ /০১/২০২১খ্রি: এর মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর উপজেলা বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
২। আবৃতি শিক্ষক হিসেবে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে অবশ্যই সিলেট সদর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
৩। সরকার নির্ধারিত কোটা (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান /এতিমখানার নিবাসী /শারীরিক প্রতিবন্ধী, উপজাতি /আনসার ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী বিধিমালার সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে
৪। আগামী ১৪ /০১/২০২১ খ্রি: তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বছরের মধ্যে হতে হবে। নির্ধারিত বয়সের প্রার্থী পাওয়া না গেলে তবে অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিল যোগ্য ।
৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
৬। আবেদনপত্রে খামের উপরের ডান পার্শ্বে পদের নাম লিখতে হবে।
৭। চাকুরীরত প্রার্থীদের কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ , অভিজ্ঞতার সনদ, প্রশিক্ষণ সনদ, জন্মনিবন্ধন/ জাতীয় পরিচয় পত্রের সনদ ০১ কপি করে ফটোকপি ১ম শ্রেণির কর্মকর্তার মাধ্যমে সত্যায়িত করে জমা দিতে হবে।
৯। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র বা অসম্পূর্ণ / ত্রুটিপূর্ণ আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।
১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ বা ডিএ প্রদান করা হবে না।
১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত /বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
১৩। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

৪/১/২১

শাহিনা আক্তার
উপপরিচালক
মহিলা বিষয়ক অধিদপ্তর
সিলেট